# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 25-05-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) কেন্দ্রীয় সরকার এবং রাজ্যগুলি টিম ইন্ডিয়ার মত একযোগে কাজ করলে কোনো লক্ষ্যই অপূর্ণ থাকবে না বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন।

২) প্রধানমন্ত্রী আজ সকাল ১১ টায় আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

৩) রাজ্য সরকার সোমবারের মধ্যে যোগাযোগ না করলে বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছেন সুপ্রিম কোর্টের রায়ে চাকরীহারা শিক্ষকরা।

৪) বিভিন্ন সরকারি উন্নয়নমূলক প্রকল্পের বর্তমান অবস্থা নিয়ে জেলাগুলিকে নির্দিষ্ট সময় অন্তর রিপোর্ট জমা দিতে বলেছে রাজ্য সরকার।

৫) পূর্ব মেদিনীপুরের বাকচায় বিজেপি নেতা বিজয় কৃষ্ণ ভুইঞাঁ খুনের ঘটনায় এনআইএ এক তৃণমূল কংগ্রেস নেতাকে গ্রেপ্তার করেছে।

৬) রাজ্যে আগামী কয়েকদিনের মধ্যে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ুর আগমন ঘটবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার এবং রাজ্যগুলি টিম ইন্ডিয়ার মত একযোগে কাজ করলে কোনো লক্ষ্যই অপূর্ণ থাকবে না বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। গতকাল নতুন দিল্লীতে নীতি আয়োগের পরিচালন পরিষদের দশম বৈঠকে অংশ নিয়ে তিনি দেশের উন্নয়নে কেন্দ্রীয় সরকার ও রাজ্যগুলিকে একযোগে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, প্রতিটি রাজ্য বিকশিত হলে ভারত বিকশিত হবে। এটাই ১৪০ কোটি দেশবাসীর আকাঙ্খা বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী। শ্রী মোদী কাজের জায়গায় আরও বেশি করে মহিলাদের অন্তর্ভুক্তির ওপর জোর দিয়েছেন। তিনি বলেন, এই লক্ষ্যে নীতি ও আইন প্রণয়ন জরুরী।

এদিনের বৈঠকে ৩১ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল যোগ দেয়। তবে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বৈঠকে উপস্থিত ছিলেন না।

নীতি আয়োগের বৈঠকে মুখ্যমন্ত্রীর না থাকার কড়া সমালোচনা করেছেন রাজ্য বিজেপি সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

বাইট

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২২ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি প্রচারতরঙ্গ এবং www.newsonair.com ওয়েবসাইটও মোবাইল অ্যাপেও বেলা ১১ টা থেকে মন-

কি-বাত শোনা যাবে। AIR, DD নিউজ, প্রধানমন্ত্রী কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলে তা শোনা যাবে।

হিন্দী ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় মন-কি-বাত সম্প্রচারিত হবে। রাত ৮ টায় আঞ্চলিক ভাষায় তর্জমা পুনঃসম্প্রচারিত হবে।

-------------------

অপারেশন সিন্দুর এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের অবস্থান বিশ্বমঞ্চে তুলে ধরতে কেন্দ্রের পাঠানো একাধিক প্রতিনিধি দল বিভিন্ন দেশে সফর করছেন। জেডিইউ সাংসদ সঞ্জয় ঝাঁ-র নেতৃত্বে প্রতিনিধি দলটি গতকাল দক্ষিণ কোরিয়া পৌঁছেছে। এর আগে জাপানে ভারতীয় দূতাবাসে পহেলগাঁওয়ে তারা পর্যটকদের ওপর সন্ত্রাসবাদী হামলায় পাকিস্তানের যোগসাজশ সম্পর্কে বিভিন্ন তথ্য তুলে ধরেন। ঐ দলে রয়েছেন, রাজ্যের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। টোকিওতে সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, সন্ত্রাসবাদের কাছে ভারত কখনই মাথা নত করবেনা।

বিজেপি সাংসদ রবীশঙ্কর প্রসাদের নেতৃত্বে একটি প্রতিনিধি দল আজ ব্রিটেন, ফ্রান্স, জার্মানী, ইতালি, ডেনমার্ক এবং ইউরোপীয় ইউনিয়ন সফরে রওনা হচ্ছে।

-------------------

ভারতীয় সেনা বাহিনী যে দক্ষতার সঙ্গে অপারেশন সিঁদুর এ সাফল্য পেয়েছে তা দেশবাসী হিসেবে গর্বের বিষয় বলে মনে করেন বিড়লা কারিগরি ও শিল্প সংগ্রহশালার প্রাক্তন অধিকর্তা শুভব্রত চৌধুরী। তিনি বলেন, সারা পৃথিবী দেখেছে ভারতের শক্তি, নিপুণ দক্ষতার সঙ্গে দেশ এই ধরনের পরিস্থিতি সামলাতে সক্ষম তাও বোঝানো সম্ভব হয়েছে।

বাইট

-------------------

রাজ্য সরকার বিভিন্ন সরকারি উন্নয়নমূলক প্রকল্পের বর্তমান অবস্থা নিয়ে নির্দিষ্ট সময় অন্তর সর্বশেষ রিপোর্ট জমা দেওয়ার জন্যে জেলা প্রশাসনগুলিকে নির্দেশ দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সম্প্রতি বিভিন্ন জেলা সফরে গিয়ে যে সব প্রকল্পের শিলান্যাস করেছেন সেগুলির অগ্রগতি বর্তমানে কি অবস্থায় রয়েছে মুখ্যসচিব মনোজ পন্থ কে পাঠানো রিপোর্টে তার বিস্তারিত জানাতে বলা হয়েছে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে কাজ শেষ করার লক্ষ্যেই এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে সূত্রের খবর।

-------------------

রাজ্য সরকারের তরফে আগামীকালের মধ্যে যোগাযোগ করা না হলে তারা বৃহত্তর আন্দোলনে নামবেন বলে সুপ্রীম কোর্টের রায়ে চাকরিহারা শিক্ষকরা জানিয়েছেন। গতকাল বিকাশ ভবনের সামনে সাংবাদিক বৈঠকে 'যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের তরফে হাবিবুল্লাহ বলেন, পাকাপাকি ভাবে চাকরিতে ফেরানোর ব্যাপারে সরকারের অবস্থান জানতে চেয়ে ফের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে চিঠি দেওয়া হচ্ছে।

বাইট (হাবিবুল্লাহ)

কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে বিকল্প স্থানে আন্দোলনের সমস্ত শর্ত পূরণ হলে তবেই বিকাশ ভবনের সামনে থেকে অবস্থান বিক্ষোভ সরিয়ে নেওয়া হবে বলে যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ জানিয়েছে। মঞ্চের তরফে বৃন্দাবন ঘোষ বলেন, পুলিশের সঙ্গে কথা বলে বইমেলা প্রাঙ্গণের উল্টোদিকে একটি জায়গা চিহ্নিত

করা হয়েছে। তবে ওই জায়গায় ছাউনি, জল, বায়ো-টয়লেট এবং বিদ্যুতের ব্যবস্থা করে দিতে হবে প্রশাসনকে।

এদিকে চাকরিহারা শিক্ষকদের একাংশ আজ অবসরপ্রাপ্ত বিচারপতি ও বিজেপি সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের সঙ্গে দেখা করবেন। আন্দোলনকারীদের তরফে সুমন বিশ্বাস জানান, চাকরি বাঁচানোর জন্য আইনি পথ নিয়ে তারা কথা বলতে

-------------------

অহল্যাবাই হোলকারের জন্মের ৩০০ বছর পূর্তি উপলক্ষে বিজেপি সারা দেশে বেশকিছু কর্মসূচী পালন করবে। এই উপলক্ষে বিভিন্ন জেলায় সেমিনারের পাশাপাশি নারী ক্ষমতায়নের বিষয়ে সচেতনতা গড়ে তোলার কাজ চলবে। এরাজ্যে কর্মসূচীর দায়িত্বে আছেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী দেবশ্রী চৌধুরী। তিনি ছাড়াও লকেট চট্টোপাধ্যায়, অগ্নিমিত্রা পাল, মালতি রাভা রায়, সুভাষ সরকার, বিমল শঙ্কর নন্দ প্রমুখ বক্তা হিসাবে থাকবেন।

-------------------

পূর্ব মেদিনীপুরে বাকচায় বিজেপি নেতা বিজয় কৃষ্ণ ভুঁইয়া খুনের ঘটনায় এক তৃনমূল কংগ্রেস নেতাকে জাতীয় তদন্ত সংস্থা এনআইএ গ্রেপ্তার করেছে। ধৃত মনোরঞ্জন হাজরা বাকচার প্রাক্তন অঞ্চল সভাপতি। ধৃতকে গতকাল এনআইএর বিশেষ আদালতে তোলা হলে, ১লা জুন পর্যন্ত জেল হেফাজত হয়েছে। দুতারিখে আবার তাকে আদালতে তোলা হবে।

-------------------

বাংলাদেশে রাজনৈতিক উত্তেজনার আবহে সীমান্তে বাড়তি নজরদারি শুরু করেছে বিএসএফ। অপরিচিত কাউকে দেখলেই বিএসএফ-কে খবর দিতে বলা হয়েছে সীমান্ত এলাকার মানুষজনকে। কিছুদিন আগেই উত্তরবঙ্গে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পুলিশকে বলেছিলেন সীমান্তে বিএসএফের পাশাপাশি পুলিশকেও নজরদারি চালানোর জন্য। গ্রামে গ্রামে টহল দিচ্ছে বিএসএফ এবং পুলিশ।

-------------------

রাজ্যে ফের করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার খবর মিলেছে। দক্ষিণ ২৪ পরগণার মহরাহাটে বছর ২০-র এক মহিলা ও এক কিশোরের শরীরে ছড়িয়েছে সংক্রমণ। শ্বাসকষ্টের সমস্যা নিয়ে দুজনকেই ডায়মন্ড হারবার মেডিকেল কলেজে ভর্তি করা হয়েছে। তবে তাদের অবস্থা স্থিতিশীল বলে চিকিৎসকরা জানিয়েছেন। এলাকায় বিশেষ নজরদারি চালানো হচ্ছে।

-------------------

রাজ্যে আগামী কয়েক দিনের মধ্যে দক্ষিন-পশ্চিম মৌসুমী বায়ুর আগমন ঘটবে বলে জানিয়েছেন আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত।

বাইট

-------------------

শহর কলকাতায় KEIP-র চলতি কাজ আগামী ৩১ শে জুলাই এর মধ্যে শেষ করতে হবে বলে রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম হুশিয়ারি দিয়েছেন। KEIP –র আওতায় যে সব এলাকায় রাস্তার কাজ চলছে তাও ৩১শে জুলাই শেষ করতে হবে। নির্ধারিত সময়ে তা না করতে

পারলে পুরসভার সংশ্লিষ্ট আধিকারিকের বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণ করার কথাও বলেছেন। কলকাতা পুরসভার সড়ক বিভাগের ডিজি ও কেআইপির শীর্ষ পদাধিকারিককে যৌথ সমন্বয় এর ভিত্তিতে কাজ করার কথা বলেন তিনি। উল্লেখ্য কেইআইপি-র কাজের জন্য শহর কলকাতার অনেক রাস্তায় খানাখন্দ তৈরি হয়েছে, চূড়ান্ত দুর্ভোগের মধ্যে পড়েছেন মানুষ।

------------------

এবারের আইপিএলে কলকাতা নাইট রাইডার্স তাদের শেষ ম্যাচে আজ সানরাইজার্স হায়দ্রাবাদের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। গত বারের চ্যাম্পিয়ন কলকাতা ও হায়দ্রাবাদ দুই দলই এবারের আইপিএল এর প্লে অফের দৌড় থেকে ছিটকে গিয়েছে। দুই দল ১৩ টি করে ম্যাচ খেলেছে। কলকাতা ১২ পয়েন্ট সংগ্রহ করে সপ্তম স্থানে, হায়দ্রাবাদ ১১ পয়েন্ট সংগ্রহ করে অষ্টম স্থানে আছে।

------------------

UPSC সিভিল সার্ভিস –প্রিলিমিনারি পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে কলকাতা মেট্রো রেল আগামীকাল ব্লু লাইনে মোট ১৩০ টি ট্রেন পরিষেবার পরিবর্তে ৬৯ টি আপ ও ৬৯ টি ডাউন সহ মোট ১৩৮ টি ট্রেন পরিষেবা দেবে। আগামীকাল কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর , নোয়াপাড়া থেকে কবি সুভাষ এর প্রথম পরিষেবা সকাল ৯টার পরিবর্তে সকাল ৭ টায় এবং দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ পর্যন্ত প্রথম পরিষেবা সকাল ৯ টার পরিবর্তে সকাল ৭টা ২০ মিনিটে ছাড়বে। তবে শেষ পরিষেবা অপরিবর্তিত থাকবে।

------------------ ------------------